# Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 20 April, 2025

খুলনার জিরোপয়েন্টে ঝটিকা মিছিল করেছেন আওয়ামী লীগের নেতা-কর্মীরা।আজ রোববার সকাল সাড়ে সাতটার দিকে জিরো পয়েন্ট এলাকায় 'বাংলাদেশ আওয়ামী লীগ, খুলনা জেলা শাখা'র ব্যানারে তাঁরা এই মিছিল করেন।

গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর খুলনায় এটাই আওয়ামী লীগের প্রথম কোনো কর্মসূচি পালিত হলো। আজ সকালের ওই মিছিলের ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

ওই ভিডিও এবং ছবি থেকে দেখা যায়, একদল লোক ব্যানার নিয়ে জিরো পয়েন্ট এলাকায় বিক্ষোভ করছেন।ব্যানারে শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনার ছবি আছে।এ সময় 'শেখ হাসিনা ভয় নাই, রাজপথ ছাড়ি নাই', 'শেখ হাসিনার সরকার, বারবার দরকার', 'শেখ হাসিনা ফিরবে আবার বীরের বেশে' প্রভৃতি স্লোগান দেওয়া হয়।

এ বিষয়ে জেলা আওয়ামী লীগের নেতাদের কেউ কথা বলতে রাজি হননি।

তবে ডুমুরিয়া উপজেলা আওয়ামী লীগের এক নেতা বলেন, আমাদের নির্দেশনা ছিল মিছিলে পরিচিত কোনো মুখ থাকবে না।এ কারণে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের অপরিচিত নেতা-কর্মীদের দিয়ে মিছিল করানো হয়েছে।

জিরো পয়েন্ট এলাকাটি খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) হরিণটানা থানার মধ্যে।

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা খাইরুল বাশার বলেন, হঠাৎ গাড়ি থেকে নেমেই ঝটিকা মিছিল করে পালিয়ে গেছেন আওয়ামী লীগের নেতা-কর্মীরা। সকালের দিকে হওয়ায় সে সময় রাস্তাঘাট অনেকটা ফাঁকা ছিল। পুলিশ মিছিলকারীদের আটক করতে তৎপর আছে।

খুলনা আওয়ামী লীগ শেখ হাসিনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:38

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1099964612